# পরিক্রমা

সংখ্যা # ৭১ : ডিসেম্বর ২০১৭

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**
ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
Website: www.sec.gov.bd, www.secbd.org
E-mail: secbd@bdmail.net

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী | |
| ০৫ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৬ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৭ | কর্পোরেট ফাইন্যান্স | |
| ০৮ | ক্যাপিটাল ইস্যু | |
| ০৯ | সার্ভেইল্যান্স | |
| ১০ | নিবন্ধন | |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | |
| ১২ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি) | |
| ১৩ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৪ | এনফোর্সমেন্ট | |
| ১৫ | আইন | |
| ১৬ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৭ | এমআইএস | |
| ১৮ | গবেষণা ও উন্নয়ন | |
| ১৯ | ফাইন্যান্সিয়াল লিটারেসী | |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২১ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয় যা একটি সংবিধিবদ্ধ সংস্থা। উহার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান  হিসাবে দায়িত্ব পালন করছেন ড. এম. খায়রুল হোসেন। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন ও ড. স্বপন কুমার বালা। চেয়ারম্যান ও প্রথম দুই জন কমিশনার মে ২০১১ থেকে দায়িত্ব পালন করেন, মে ২০১৪ তে দ্বিতীয় মেয়াদে আরও চার বৎসরের জন্য নিয়োগ প্রাপ্ত হন। ড. স্বপন কুমার বালা ১৯ এপ্রিল ২০১৬ থেকে কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে ‘A’ ক্যাটাগরীতে উন্নীত করে।

## ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**



জনাব মোঃ আমজাদ হোসেন
কমিশনার



ড. স্বপন কুমার বালা এফসিএমএ
**কমিশনার**



জনাব খোন্দকার কামালউজ্জামান
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

| ক্রমিক নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান |
|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ | এসআরআই এবং সিডিএস বিভাগ |
| ২ | মিসেস রুকসানা চৌধুরী | ক্যাপিটাল ইস্যু,এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ এবং এএমএল/সিএফটি উইং |
| ৩ | ড. এ.টি.এম. তারিকুজ্জামান | কর্পোরেট ফাইন্যান্স বিভাগ এবং গবেষণা ও উন্নয়ন |
| ৪ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরএমআইসি এবং প্রশাসন ও অর্থ |
| ৫ | জনাব মোঃ সাইফুর রহমান | সার্ভেইল্যান্স বিভাগ, প্রকল্প পরিচালক এবং কমিশনের মুখপাত্র |
| ৬ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস |
| ৭ | জনাব এম হাছান মাহমুদ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৮ | জনাব মাহবুবুল আলম | নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক, ফাইন্যান্সিয়াল লিটারেসী এবং মহাপরিচালক,বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) |
| ৯ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | সিএমআরআরসি এবং আইন বিভাগ |

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক নং | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | জনাব কামরুল আনাম খান | ক্যাপিটাল ইস্যু |
| ০২ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু |
| ০৩ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই |
| ০৪ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি |
| ০৫ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | নিবন্ধন |
| ০৭ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ০৮ | জনাব প্রদীপ কুমার বসাক | ক্যাপিটাল ইস্যু এবং কর্পোরেট ফাইন্যান্স |
| ০৯ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ১০ | জনাব মোঃ আবুল কালাম | অর্থ |
| ১১ | জনাব মোঃ মনসুর রহমান | এসআরএমআইসি |
| ১২ | জনাব মোহাম্মদ আবুল হাসান | প্রশাসন |
| ১৩ | জনাব শেখ মাহবুব উর রহমান | সার্ভেইল্যান্স |
| ১৪ * | মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিবালয় এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৫ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | গবেষণা ও উন্নয়ন |

*পরিচালক ও কমিশন সচিব

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠা ও কার্যাবলী

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোন দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। এরূপ নিরপেক্ষ জবাবদিহিতামূলক একটি পুঁজিবাজার সৃষ্টির উদ্দেশ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বিএসইসি প্রতিষ্ঠিত হয় যার মূল উদ্দেশ্যসমূহঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন; এবং
- এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন ।

কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হয় যাঁরা সরকার কর্তৃক চার বছর মেয়াদের জন্য নিযুক্ত হয়ে থাকেন এবং তাঁদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হয়। সরকার তাঁদেরকে ৬৫ বছর বয়স অনতিক্রম সাপেক্ষে পুনঃনিয়োগ দিতে পারেন। কমিশনের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করেন কমিশনের চেয়ারম্যান।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন;
- বিধি প্রণয়ন:
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ;
- পুঁজিবাজার ও বাজার মধ্যস্থতাকারীদের নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

## ৫. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

- বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ পালন

বিশ্বের সকল পুঁজিবাজার নিয়ন্ত্রণকারীর আন্তর্জাতিক প্রতিষ্ঠান IOSCO প্রথমবারের মত ২-৮ অক্টোবর ২০১৭ তারিখ বিশ্বেব্যাপী সাধারণ বিনিয়োগকারীগনের জন্য "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" কর্মসূচি ঘোষনা করে।ইহা এমন একটি প্রচারাভিযান যা বিনিয়োগকারীদের সুরক্ষা ও শিক্ষা বিষয়ে সিকিউরিটিজ নিয়ন্ত্রকদের নেয়া বিভিন্ন উদ্যোগকে তুলে ধরার মাধ্যমে সচেতনতা সৃষ্টি করেছে। IOSCO সদস্যগণ বিনিয়োগকারী কেন্দ্রিক যোগাযোগ ও পরিসেবা চালু, বিনিয়োগকারী শিক্ষা ও সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মশালা ও সম্মেলন আয়োজনের মাধ্যমে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" পালন করেছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও কমিশনের উদ্যোগে ২ অক্টোবর, ২০১৭ তারিখ বেলা ৩ ঘটিকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডার ও বিপুল সংখ্যক বিনিয়োগকারীর অংশগ্রহণে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" এর শুভ উদ্বোধন সূচিত হয়।




Formatted: Font: (Default) SutonnyMJ, 14

বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনের সভাপতিত্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" অনুষ্ঠানসূচির উদ্বোধন করেন।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মোঃ ইউনুসুর রহমান এবং পুঁজিবাজারের শিক্ষা কার্যক্রমের ব্র্যান্ড অ্যাম্বাসেডর বিশ্বসেরা ক্রিকেট অল রাউন্ডার সাকিব আল হাসান।



Formatted: Font: (Default) SutonnyMJ, 14

উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উপলক্ষ্যে আয়োজকরা ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছেন। বিশেষ করে অনুষ্ঠানের নান্দনিকতা বৃদ্ধি করেছেন বাংলাদেশের উজ্জ্বল নক্ষত্র সাকিব আল হাসান। দেশব্যাপী চলমান বিনিয়োগ শিক্ষা কার্যক্রমে যুক্ত হয়ে সাকিব কাজটিকে আরও সহজ ও গতিময় করে দিয়েছেন।




Formatted: Font: (Default) SutonnyMJ, 14

তিনি আরও বলেন, দুর্বল আইনি কাঠামোর কারণেই ১৯৯৬ ও ২০১০ সালে পুঁজিবাজারে ধ্বস হয়েছে। সর্বশেষ ২০১০ সালে ধ্বসের পর চার বছর ধরে আইনি সংস্কার করা হয়েছে। যার ধারাবাহিকতায় ২০১৩ সালের দিকে পুঁজিবাজারের আইনি কাঠামো একটা উন্নত পর্যায়ে এসেছে। এক্ষেত্রে তাড়াহুড়া না করে কয়েক বছরে আইনগত উন্নয়নের পাশাপাশি নীতিমালায় সংস্কার আনা হয়েছে। এখন পুঁজিবাজারের আইনি কাঠামো অনেক উন্নত। বর্তমানে পুঁজিবাজার স্থিতিশীল রয়েছে। নতুন নতুন পণ্য বাজারে যোগ হচ্ছে।

বিনিয়োগকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, বিনিয়োগের আগেই যথেষ্ট পড়াশোনা করে জেনে-বুঝে তারপর পুঁজিবাজারে আসবেন। সাবধানে অগ্রসর হলে আপনার সম্পদ আপনার কাছেই ফেরত আসবে। বিনিয়োগ সচেতনতা ও শিক্ষার

দীর্ঘমেয়াদী সুফল পেতে পাঠ্যক্রমে পুঁজিবাজারের বিষয়টি অন্তর্ভুক্ত করার বিষয়টি সরকার বিবেচনা করবে বলে জানান তিনি।




**Formatted:** Font: (Default) SutonnyMJ, 14

অনুষ্ঠানের বিশেষ অতিথি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মোঃ ইউনুসুর রহমান বলেন, দেশের আর্থিক খাতের ৪টি নিয়ন্ত্রক সংস্থা- বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ইন্স্যুরেন্স ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেটরী অথোরিটি এবং মাইক্রো ক্রেডিট রেগুলেটরী অথোরিটি রয়েছে। এর মধ্যে বাংলাদেশ ব্যাংকের আইন এবং বিধি বিধান পূর্ণাঙ্গ ও পরিপূর্ণভাবে প্রয়োগ করা হচ্ছে। ২০১০ সালের পূর্বে পুঁজিবারে আইন কানুনের ঘাটতি থাকলেও গত কয়েক বছরে সংস্কারের ফলে অনেকাংশে পূর্ণতা লাভ করেছে। এছাড়াও তিনি পুঁজিবাজারে নতুন প্রোডাক্ট নিয়ে আসার বিষয়ে গুরুত্বারোপ করেন। তবে সেক্ষেত্রে এসব প্রোডাক্টের ঝুঁকি ও নিরাপত্তা সম্পর্কে বিশদভাবে জ্ঞান অর্জনের পরামর্শ দেন। সর্বশেষে তিনি পুঁজিবাজার বিষয়ক শিক্ষাকে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার গুরুত্ব আরোপ করেন ।

তার পূর্বে বিএসইসি'র চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ সকলকে স্বাগত জানিয়ে বলেন, পুঁজিবাজার নিয়ন্ত্রকদের বৈশ্বিক সংস্থা IOSCO এর আহবানে সাধারণ বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশসহ বিশ্বের ৮১টি দেশে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" পালিত হচ্ছে। বিশ্বব্যাপী যে সকল দেশে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" অনুষ্ঠিত হচ্ছে এর মধ্যে বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করছে।




এ অগ্রণী ভূমিকা পালনের পিছনে যিনি উৎসাহ ও অনুপ্রেরণা যুগিয়েছেন তিনি হলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যিনি ২০১৭ সালের ৮ জানুয়ারি দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কর্মসূচী উদ্বোধন করেন। সেখান থেকে এ কর্মসূচিটি গতি পেয়েছে। বর্তমানে বিনিয়োগকারী শিক্ষা ও সুরক্ষার কথা বলা হচ্ছে। একজন বিনিয়োগকারীকে সবচেয়ে বেশি সুরক্ষা দিতে পারে পুঁজিবাজার বিষয়ে জ্ঞান। এজন্য বিনিয়োগকারীকে তাঁর পুঁজির সুরক্ষার জন্য প্রথমেই পুঁজিবাজারের বিনিয়োগ শিক্ষায় শিক্ষিত হতে হবে। বিএসইসি মনে করে বিনিয়োগকারী সুরক্ষার জন্য প্রথমেই বিনিয়োগ শিক্ষা প্রচলন করতে হবে এবং বিএসইসি এই প্রচেষ্টা অব্যাহত রেখেছে। দেশের পুঁজিবাজারে ২০১০-১১ সালের উত্থান-পতনের পরে বর্তমান কমিশন দায়িত্ব গ্রহণ করে। পরবর্তী বছরগুলোয় বাজার উন্নয়ন ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে অনেক আইনি ও কাঠামোগত সংস্কার করা হয়েছে। এতে পুঁজিবাজার বর্তমানে একটি শক্ত ভিত্তির উপর দাঁড়িয়েছে। এ কারণে দেশি ও বিদেশি বিনিয়োগকারীরা বাজারের প্রতি আগ্রহী হয়ে উঠেছেন।

তিনি আরো বলেন একটি শক্তিশালী পুঁজিবাজার উন্নত অর্থনীতির পূর্বশর্ত। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার যে লক্ষ্যমাত্রা সরকার নির্ধারণ করেছে, সেটি বাস্তবায়নে পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। কারণ দীর্ঘমেয়াদি অর্থসংস্থানে পুঁজিবাজার ব্যাংক ঋণের তুলনায় ভালো উৎস। পুঁজিবাজার সম্পর্কে সচেতনতা তৈরির লক্ষ্যে বিভিন্ন দেশের পাঠ্যক্রমে বিনিয়োগ সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত রয়েছে উল্লেখ করে তিনি বলেন, শ্রীলঙ্কায় ৮ম শ্রেণির পাঠ্যবইয়ে বিনিয়োগ সম্পর্কে শিক্ষা দেয়া হয়, ভারতেও এ বছর থেকে পাঠ্যবইয়ে এটি অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় এ ধরনের কোনো ব্যবস্থা নেই। তাই আগামীতে মাধ্যমিক পর্যায়ের পাঠ্যবইয়ে বিনিয়োগ শিক্ষা ও পুঁজিবাজার সংশ্লিষ্ট পাঠ অন্তর্ভুক্ত করতে তিনি সরকারের প্রতি আহবান জানান।




Formatted: Font: SutonnyMJ, 14 pt

দেশব্যাপী পুঁজিবাজার বিষয়ে যে শিক্ষা কার্যক্রম চলছে, বিএসইসি সেই কার্যক্রমের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসাবে নিয়োগ করেছে সাকিব আল হাসানকে। সংক্ষিপ্ত বক্তব্যে তিনি এত বড় মঞ্চে তাঁকে নিয়ে আসার জন্য আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে, নিজের অভিজ্ঞতা তুলে ধরে সাকিব বলেন, বিদেশে কাউন্টি খেলার পরে দেখতাম খেলোয়াড়েরা কী যেন লেখাপড়া করছেন। একজনের কাছে আমি জানতে চাইলাম, "কী পড়েন?" বললেন, "স্টক এক্সচেঞ্জ নিয়ে পড়ছি"। এর সঙ্গে তিনি যোগ করেন, 'পুঁজিবাজারের মাধ্যমে আপনার টাকা বা সম্পদ অর্থনীতিতে ভালো ভূমিকা রাখতে পারে তবে সেই টাকা পুঁজিবাজারে বিনিয়োগের আগে জ্ঞানার্জনটাও জরুরী। কারণ দিন শেষে ক্ষতিগ্রস্থ হলে আপনাদের বিনিয়োগই ক্ষতিগ্রস্থ হবে। তাই না জেনে, না বুঝে বিনিয়োগ করবেন না।




Formatted: Font: (Default) SutonnyMJ, 14

"বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" এর উদ্বোধনী শেষে একটি বর্ণাঢ্য র‌্যালি বের হয়। র‌্যালিটি বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে বের হয়ে জাতীয় প্রেসক্লাব হয়ে শিল্পকলা একাডেমিতে শেষ হয়। র‌্যালিতে বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারসহ উর্ধ্বতন কর্মকর্তা, স্টক এক্সচেঞ্জ, বাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের পাশাপাশি বিনিয়োগকারীরা অংশগ্রহণ করেন । একই দিন চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, বরিশাল ও বগুড়াসহ দেশের বিভিন জেলায় আলোচনা সভা ও র‌্যালি অনুষ্ঠিত হয়।

উদ্বোধন পরবর্তীকালে ৩, ৬ ও ৭ অক্টোবর ২০১৭ তারিখে বিনিয়োগকারী, পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ, বিশ্ববিদ্যালয়, পেশাজীবি প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে সভা, সেমিনার এবং ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এছাড়াও ৪ ও ৫ অক্টোবর ২০১৭ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে ২ দিনব্যাপী কনফারেন্স ও বিনিয়োগ শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়।



**Formatted:** Font: (Default) SutonnyMJ, 14

৪ অক্টোবর ২০১৭ তারিখে কনফারেন্সের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমান। এরপর কনফারেন্সে বিনিয়োগ শিক্ষা ও বিনিয়োগকারীদের সুরক্ষা এবং বিনিয়োগ ও সংশ্লিষ্ট ঝুঁকি বিষয়ে ২টি মূল প্রবন্ধ উপস্থাপিত হয়। এর উপর প্যানেল আলোচনা করা হয়।




**Formatted:** Font: (Default) SutonnyMJ, 14

৫ অক্টোবর, ২০১৭ কনফারেন্সের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি। এরপর কনফারেন্সে বিভিন্ন বিনিয়োগ পণ্য ও খাত এবং পুঁজিবাজার অর্থনীতি বিষয়ে ২টি মূল প্রবন্ধ উপস্থাপিত হয় এবং প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।

"বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উপলক্ষ্যে আয়োজিত ৭ দিন ব্যাপী অনুষ্ঠানের শেষ দিনে ৮ অক্টোবর ২০১৭ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাল্টিপারপাস রুমে সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।




**Formatted:** Font: (Default) SutonnyMJ, 14

এ সময় উপস্থিত ছিলেন, কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনার অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন নিজামী, মো. আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা, এফসিএমএ, কমিশনের পদস্থ কর্মকর্তাগণ, উভয় স্টক এক্সচেঞ্জের পর্ষদ সভায় সদস্যগণসহ বিভিন্ন স্টেকহোল্ডারগণ।

"বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" উপলক্ষ্যে প্রকাশিত ক্রোড়পত্র, আয়োজিত বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম কর্মশালা, টক শো উপস্থাপনের মাধ্যমে "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭" তে সপ্তাহ জুড়ে যে আয়োজন তার বেশিরভাগ অংশ জুড়েই রয়েছে বিনিয়োগকারীগনের স্বার্থ সংরক্ষণ ও সচেতনতার মাধ্যমে তাদের বিনিয়োগের সুরক্ষার বিষয়। এই আয়োজনে বিভিন্ন সেমিনারে সকল বক্তাগণের মূল বক্তব্যই হচ্ছে বিনিয়োগ সম্পর্কিত জ্ঞান। "বিনিয়োগকারীর বিনিয়োগের মূল উদ্দেশ্যই হচ্ছে মুনাফা অর্জন আর এই মুনাফা অজ্ঞতার অন্ধকারে থেকে যে সম্ভব নয়" IOSCO এর এই বাণী তার সকল সদস্য নিয়ন্ত্রক সংস্থার মাধ্যমে বিনিয়োগকারীগণের নিকট পৌঁছে দিতেই এই উদ্যোগ।

- কমিশনার পদে যোগদান করলেন জনাব খোন্দকার কামালউজ্জামান



জনাব খোন্দকার কামালউজ্জামান ১২ অক্টোবর ২০১৭ইং তারিখ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার হিসাবে যোগদান করেন। তিনি ১৯৫৬ সালে নড়াইল জেলার লোহাগড়া থানার ইতনা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৯ সালে আইন বিষয়ে স্নাতক (সম্মান) ও ১৯৮০ সালে স্নাতকোত্তর (এল. এল. এম) সম্পন্ন করেন। অতঃপর ১৯৮১ সালে বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য পদ লাভ করেন এবং আইন ব্যবসা শুরু করেন।
জনাব খোন্দকার কামালউজ্জামান ১৯৮৩ সালের ১৭ জুলাই তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিশিয়াল) ক্যাডারে মুন্সেফ হিসাবে যোগদান করেন। অতঃপর তিনি পদোন্নতি ক্রমে সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ হিসাবে কর্মরত অবস্থায় ২০০২ সালে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে উপ-সলিসিটর/উপ-সচিব হিসাবে দায়িত্ব পালন কালে জেলা জজ হিসাবে পদোন্নতি লাভ করেন এবং ঢাকায় জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালে যোগদান করেন। তৎপর যথাক্রমে বিভাগীয় স্পেশাল জজ, স্পেশাল জজ এবং জেলা ও দায়রা জজ হিসাবে গোপালগঞ্জ, নওগাঁ, সিলেট জেলায় কর্মরত ছিলেন। জুডিশিয়াল সার্ভিস হতে অবসর গ্রহণের পর তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে আইন পেশায় নিযুক্ত হওয়ার জন্য বাংলাদেশ বার কাউন্সিল এর সনদ প্রাপ্ত হন। ইতোমধ্যে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে সিনিয়র শিক্ষক হিসাবে অধ্যাপনা শুরু করেন। তৎধারাবহিকতায় তিনি ১২ অক্টোবর ২০১৭ইং তারিখ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার হিসাবে যোগদান করেন।

চাকুরীকালে তিনি বিচার প্রশাসন ও বুনিয়াদি প্রশিক্ষণসহ অনেক প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এছাড়াও তিনি দেশে ও দেশের বাহিরে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ করেন।

- কমিশন কর্তৃক ১৪০০ জন মূখ্য প্রশিক্ষককে প্রশিক্ষণ প্রদানঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিগত ৮ই জানুয়ারী ২০১৭ তারিখে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করেন। উক্ত কার্যক্রমের ধারাবাহিকতায় কমিশন দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত কার্যক্রমের আওতায় ভারতের ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেট (এনআইএসএম) থেকে নিমন্ত্রিত প্রশিক্ষক জনাব সন্দীপ ঘোষ, জনাব জিতেন্দ্র কুমার এবং জনাব গিরাজ প্রসাদ গাগ এর উপস্থাপনায় মোট ১৪০০জন মূখ্য প্রশিক্ষককে প্রশিক্ষন প্রদান করা হয়।



প্রশিক্ষণে অংশগ্রহণকারী মূখ্য প্রশিক্ষকদের একাংশ

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় কমিশনের কর্মচারী, উভয় স্টক এক্সচেঞ্জ এবং তাদের নিয়ন্ত্রণাধীন ব্রোকার এবং ডিলারগণ সিডিবিএল এবং তাদের অনুমোদিত প্রতিনিধিগণ, মার্চেন্ট ব্যাংকারসহ সংশ্লিষ্ট সকল প্রতিনিধি অংশগ্রহন করেন।

বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব পাবলিক লিঃলিস্টেড কোম্পানিজ কতৃক সেমিনারের আয়োজন




বিএপিলসি আয়োজিত সেমিনারে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি এবং ড. এম খায়রুল হোসেন, চেয়ারম্যান, বিএসইসি

বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব পাবলিক লিস্টেড কোম্পানিজ নভেম্বর ০৮, ২০১৭ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে " Raising Awareness on Various Aspects of The capital Market" শীর্ষক সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারের জনাব মুহাম্মদ আজিজ খান এর সভাপতিত্বে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি, বিশেষ অতিথি ছিলেন ড. এম খায়রূল হোসেন, চেয়ারম্যান, বিএসইসি। কমিশনের কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, ড. স্বপন কুমার বালা এফসিএমএ সহ বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মিস ফারজানা চৌধূরী ACII (UK) এর সঞ্চালনায় জনাব আরিফ খান সিএফএ, এফসিএমএ "Various Aspects of The capital Market" নামক একটি প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত বিষয়ে প্যানেল আলোচকবৃন্দ একটি প্রাণবন্ত সেশন উপহার দেন।

* উদ্যোক্তাদের পুঁজিবাজারে স্বাগতম জানিয়ে বিএমবিএ'র সেমিনারঃ




বিএমবিএ আয়োজিত সেমিনারে জনাব আরিফ খানকে সম্মাননা প্রদান করেন মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু, এমপি, ড. এম খায়রূল হোসেন, চেয়ারম্যান বিএসইসি এবং জনাব ছাইদুর রহমান প্রেসিডেন্ট বিএমবিএ

মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ রাজধানীর স্থানীয় একটি হোটেলে "দীর্ঘ মেয়াদী অর্থায়নে পুঁজিবাজারের ভূমিকা" শীর্ষক সেমিনারের আয়োজন করে । জনাব ছাইদুর রহমানের সভাপতিত্বে উক্ত সেমিনারের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এমপি, বিশেষ অতিথি ছিলেন মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমির হোসেন আমু, এমপি, মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব এম এ মানা, এমপি, ড. এম খায়রূল হোসেন, চেয়ারম্যান বিএসইসি, আজম জে চৌধুরী, প্রেসিডেন্ট, বিএপিলসি উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে কমিশনের কমিশনার ও পদস্থ কর্মকর্তাগণ এবং পুঁজিবাজারের তালিকাভুক্ত হতে আগ্রাহী উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন। প্রাণ-এরআফএল গ্রুপ ও খান ব্রাদার্স এর ব্যবস্থাপনা পরিচালক দীর্ঘ মেয়াদী অর্থায়নে পুঁজিবাজারের ভূমিকা তুলে ধরেন। এ সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব আলহাজ্ব আমির হোসেন আমু এমপি বলেন, ব্যাংকের ঋণে শিল্পায়ন হলে ঝুঁকি বেড়ে যায়, শেয়ারবাজার থেকে অর্থায়নের ক্ষেত্রে ঝুঁকি কম থাকে। শেয়ারবাজার থেকে অর্থয়ায়নের মাধ্যমে শিল্পায়ন শুরূ করতে হবে। বিএসইসি চেয়ারম্যান ড. এম খায়রূল হোসেন বলেন, দেশে শিল্পায়ন বাড়লে কর্মসংস্থান বাড়বে। নতুন উদ্যোক্তাদের উৎসাহী করার জন্য তিনি আরও বলেন, পুঁজিবাজারে আসতে ইচ্ছুক কোম্পানির যোগ্যতা অনুযায়ী দাম নির্ধারণে পাবলিক ইস্যু রূলস সংশোধন করা হয়েছে কোম্পানি যাতে ৯০ দিনের মধ্যেই আইপিও পেতে পারে।

## ৬. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

এ সময়ে নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছে :

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | মার্চেন্ট ব্যাংকারের মার্জিন হিসাবে ঋণাত্মক ইক্যুইটি সম্পর্কিত | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০২ তারিখঃ অক্টোবর ২৩, ২০১৭। |
| ২. | অনাদায়কৃত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ তারিখঃ ২৮ ডিসেম্বর ২০১৭। |

# ৭. কর্পোরেট ফাইন্যান্স

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানির সংখ্যা |
|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ০৭ |
| | | IPO/RI ইস্যু এর তহবিল ব্যবহার সংক্রান্ত বিশেষ নিরীক্ষক নিয়োগ। | ০১ |
| | | কোম্পানি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতি ও নির্দেশনার জন্য উপস্থাপন করা হয়েছে। | ০১ |
| ২. | অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০৩ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৯ |
| ৩. | ডিসেম্বর ৩১, ২০১৩ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | নিরীক্ষিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য আইসিএবিতে প্রেরণ। | ০১ |
| ৪. | মার্চ ৩১ এবং সেপ্টেম্বর ৩০, ২০১৭ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০৩ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০২ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| ৫. | সেপ্টেম্বর ৩০, ২০১৭ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী | কোম্পানি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ০১ |
| ৬. | দ্বিতীয় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০১ |
| ৭. | তৃতীয় প্রান্তিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০২ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| ৮. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | কমিশনের নোটিফিকেশন নং-এসইসি/সিএমআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪, | ০১ |

| | | | |
|---|---|---|---|
| | | তারিখ অগাস্ট ০৭, ২০১২ ইং জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত শর্ত/বিধি নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, কোম্পানির পরিচালনা পর্ষদে নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | |

# ৮. ক্যাপিটাল ইস্যু

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত প্রাইভেট লিমিটেড কোম্পানির তালিকা **:**

| ক্রমিক নং | **কোম্পানির নাম** | **অনুমোদনের তারিখ** | **পরিমাণ (টাকা)** |
|---|---|---|---|
| ১ | এ্যাসেট এন্ড ইনভেষ্টমেন্ট ম্যানেজমেন্ট সার্ভিসেস (এইমস) অফ বাংলাদেশ লি: | ০৩.১০.২০১৭ | ৪৫,০০০,০০০ |
| ২ | লিউ ফ্যাশনস্ লি: | ০৮.১০.২০১৭ | ১০০,০০০,০০০ |
| ৩ | কোটিটি বাংলাদেশ লি: | ১১.১০.২০১৭ | ৭,৯৮১,০০০ |
| ৪ | ভিআইপিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কো: লি: | ১৮.১০.২০১৭ | ৯,০০০,০০০ |
| ৫ | মাইকা সিকিউরিটিজ লি: | ২৫.১০.২০১৭ | ১৩৮,০৪০,০০০ |
| ৬ | হলি ক্রিসেন্ট হসপিটাল লি: | ০৫.১১.২০১৭ | ২৭,০৬৩,৮০০ |
| ৭ | এম ব্রান্ড ওয়েল কো: লি: | ০৯.১১.২০১৭ | ১১০,৫০৯,৭০০ |
| ৮ | পিমকি এপারেলস লিঃ | ১৩.১১.২০১৭ | ৮৮৫,০০০,০০০ |
| ৯ | দি বোটম কালেকশনস লিঃ | ১৩.১১.২০১৭ | ২৯৫,০০০,০০০ |
| ১০ | সায়হাম নীট কম্পোজীট লিঃ | ১৫.১১.২০১৭ | ৪৩,৮৬০,০০০ |
| ১১ | এসটিএস হসপিটাল চিটাগং লিঃ | ১৫.১১.২০১৭ | ৬৩২,০০০,০০০ |
| ১২ | আরআর ইম্পিরীয়াল ইলেকট্রিকাল লিঃ | ১৯.১১.২০১৭ | ১৪১,৫৮৪,৪০০ |
| ১৩ | আইডিএলসি ইনভেস্টমেন্ট লিঃ | ২০.১১.২০১৭ | ৮০০,০০০,০০০ |
| ১৪ | রিজেন্ট স্পিনিং মিলস লিঃ | ২৬.১১.২০১৭ | ৮২,৩০৯,০০০ |
| ১৫ | জেসিএক্স এন্টারপ্রাইজ লিঃ | ২৬.১১.২০১৭ | ১১৯,৯৯৯,০০০ |
| ১৬ | নাজ বাংলাদেশ লিঃ | ২৭.১১.২০১৭ | ৬৫১,১৯০,০০০ |
| ১৭ | ফ্যাশন নীট গার্মেন্টস লিঃ | ২৭.১১.২০১৭ | ২৫৫,৭৫০,০০০ |
| ১৮ | এবি ইনভেস্টমেন্ট লিঃ | ২৭.১১.২০১৭ | ৩০৭,৪৭১,৪০০ |
| ১৯ | স্টারলাইট সোয়েটার লিঃ | ৩০.১১.২০১৭ | ৫০,০০০,০০০ |
| ২০ | সি পার্ল বীচ রিসোর্ট অ্যান্ড স্পা লিঃ | ০৫.১২.২০১৭ | ৪২৮,০০০,৫১০ |
| ২১ | বুটস ইনভেস্টমেন্ট লিঃ | ১০.১২.২০১৭ | ১১৫,০০০,০০০ |
| ২২ | এস.এফ. টেক্সটাইল ইন্ডাস্ট্রীস লিঃ | ১০.১২.২০১৭ | ১,৪৭৭,৫৫৬,৩০০ |
| ২৩ | বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (প্রাঃ) লিঃ | ১৯.১২.২০১৭ | ৪৭৯,৯৯৯,০০০ |
| ২৪ | মেঘনা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ(প্রস্তাবিত) | ১৯.১২.২০১৭ | ২৫০,০০০,০০০ |
| ২৫ | ব্র্যাক ইপিএল স্টক ব্রোকারেজ লিঃ | ২৭.১২.২০১৭ | ১৮১,৭২৮,৮০০ |
| ২৬ | স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লিঃ | ২৭.১২.২০১৭ | ২২৩,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **৭,৮৫৭,০৪২,৯১০** |

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদিত পাবলিক লিমিটেড কোম্পানির তালিকা :

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | জনতা ক্যাপিটাল এন্ড ইনভেষ্টমেন্ট লি: | ০৮.১০.২০১৭ | ২,২৭৪,০০০,০০০ |
| ২ | বারাকা পতেঙ্গা পাওয়ার লি: | ১৮.১০.২০১৭ | ৪৭,২৫০,০০০ |
| ৩ | এসএস পাওয়ার লিঃ | ২৬.১১.২০১৭ | ১০০,০০০,০০০ |
| ৪ | কৃষিবিদ বাংলাদেশ লিঃ | ২৭.১১.২০১৭ | ৬,৭৫০,০০০ |
| ৫ | টিএম টেক্সটাইল অ্যান্ড গার্মেন্টস লিঃ | ২৮.১১.২০১৭ | ১৫৫,২৮০,২০০ |
| ৬ | আমান টেক্স লিঃ | ০৩.১২.২০১৭ | ৭৭৫,৫০০,০০০ |
| ৭ | এএফসি হেলথ লিঃ | ১১.১২.২০১৭ | ৭৫০,০০০,০০০ |
| ৮ | সোনালী ব্যাংক লিঃ | ১৪.১২.২০১৭ | ৩,০০০,০০০,০০০ |
| ৯ | আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ | ২৭.১২.২০১৭ | ১,৯৭৭,৮৮৫,০০০ |
| ১০ | মীর আক্তার হোসেইন লিঃ | ২৭.১২.২০১৭ | ৯৮০,০০০,০০০ |
| ১১ | মডার্ন ষ্টিল মিলস লিঃ | ২৮.১২.২০১৭ | ৩০২,৫০০,০০০ |
| | **মোট টাকা** | | ১০,৩৬৯,১৬৫,২০০ |

- মূলধন উত্তোলনের জন্য অনুমোদন প্রাপ্ত বন্ড ও ডিবেঞ্চারের তালিকা :

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | প্যারামাউন্ট টেক্সটাইল লি: | ৩১.১০.২০১৭ | ৫০০,০০০,০০০ |
| ২ | পূবালী ব্যাংক লিঃ | ১৪.১১.২০১৭ | ৫,০০০,০০০,০০০ |
| ৩ | এবি ব্যাংক লিঃ | ২৮.১১.২০১৭ | ৪,০০০,০০০,০০০ |
| ৪ | দি ফারমার্স ব্যাংক লিঃ | ১০.১২.২০১৭ | ৫,০০০,০০০,০০০ |
| ৫ | ডিউরেবল প্লাস্টিক লিঃ | ১২.১২.২০১৭ | ১,৫০০,০০০,০০০ |
| ৬ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ | ১৪.১২.২০১৭ | ৭,০০০,০০০,০০০ |
| ৭ | অগ্রণী ব্যাংক লিঃ | ২৬.১২.২০১৭ | ৭,০০০,০০০,০০০ |
| | **মোট টাকা** | | **৩০,০০০,০০০,০০০** |

- অনুমোদিত রাইট শেয়ার:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|
| ০১. | লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড | ৩১.১০.২০১৭ | রাইট শেয়ার হিসেবে (১R:২ অনুপাতে) ১৫৯,১২৫,৪৭০ টি সাধারণ শেয়ারের অনুমোদন (প্রতিটি শেয়ারের ইস্যু মূল্য ১০.০০ টাকা) | ১,৫৯১,২৫৪,৭০০.০০ |
| ০২. | আলিফ ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড | ১৯.১২.২০১৭ | রাইট শেয়ার হিসেবে (১R:১ অনুপাতে) ১০৯,৩৯৬,৮৯৫ টি সাধারণ শেয়ারের অনুমোদন (প্রতিটি শেয়ারের ইস্যু মূল্য ১০.০০ টাকা) | ১,০৯৩,৯৬৮,৯৫০.০০ |
| | মোট রাইট শেয়ার অনুমোদন (অক্টোবর-ডিসেম্বর, ২০১৭ ইং) | | | ২,৬৮৫,২২৩,৬৫০.০০ |

- প্রসপেক্টাস প্রকাশের অনুমোদিত কোম্পানির বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | ইস্যু মূল্য (টাকা) | আইপিও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা |
|---|---|---|---|---|
| ১ | কুইন সাউথ টেক্সটাইল মিলস লিমিটেড | ১০-১২-২০১৭ | ১০.০০ | ১৫.০০ কোটি |

# ৯. সার্ভেইল্যান্স

- **দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "Instant Watch market surveillance system" ব্যবহারপূর্বক পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

- **তদন্ত ও অনুসন্ধান :**

এ সময়ে উক্ত বিভাগ কর্তৃক শেয়ার লেনদেন সম্পর্কিত ডিএসই ও সিএসই  কর্তৃক অনুসন্ধান প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করা হয়েছে:

**(ক) অনুসন্ধানঃ**

| **ক্রমিক নং** | **অনুসন্ধানের ধরণ** | **অনুসন্ধানকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|
| ০১ | নভেম্বর ০১, ২০১৭ থেকে নভেম্বর ২৭, ২০১৭ সময়কালে ইস্টার্ন ক্যাবলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গো। | ডিএসই |
| ০২ | আগষ্ট ২২, ২০১৭ থেকে সেপ্টেম্বর ০৪, ২০১৭ সময়কালে জিল বাংলা সুগার মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গো। | ডিএসই |
| **০৩** | জনাব মো: রুহুল আমিন এর শেয়ার লেনদেনের অনুসন্ধান প্রসঙ্গো। | ডিএসই |
| ০৪ | আগষ্ট ২৩, ২০১৭ থেকে আগষ্ট ০৪, ২০১৭ সময়কালে শ্যামপুর সুগার মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গো। | ডিএসই |
| ০৫ | জুলাই ০৩, ২০১৭ থেকে সেপ্টেম্বর ১০, ২০১৭ সময়কালে রূপালি ব্যাংক লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গো। | ডিএসই |
